

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারিগরি ও মানবসা শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

অডিট শাখা

[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৭০.১৯-১৯৩

তারিখ: ০৭ কার্তিক, ১৪২৬  
২৩ অক্টোবর, ২০১৯

বিষয়: নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন রামডাঁগা দারুলহৃদা ইসলামীয়া দাখিল মানবসা-এর DIA কর্তৃক গত ৩০/১২/২০১৪ খ্রি: তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন রামডাঁগা দারুলহৃদা ইসলামীয়া দাখিল মানবসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মানবসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।

সূত্র: (১) DIA-এর স্মারক নং- ডিআইএ/নীলফামারী/৬০২-এম/রাজ:৩৩৮১

তারিখ: ০৫/০৬/১৮ খ্রি:

(২) DME-এর স্মারক নং- ৫৭.২৫,০০০.০০৫.০৩.০৫৮.১৮-২৪১,

তারিখ: ২৬/০৮/১৯ খ্রি।

BSR-এর ক্র: নং	ব্রডশীট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা	মন্তব্য
১(গ)	শীকৃতি হালনাগাদ নবায়ন রাখতে হবে।	
১(ঘ)	ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: বর্তমান অনুমোদিত কমিটি নেই। কমিটি গঠন সংক্রান্ত বিষয়ে মাননীয় আদালতে মামলা বিচারাধীন আছে। যেহেতু মামলা বিচারাধীন আছে, সেহেতু এ বিষয়ে কোন সিদ্ধান্ত নেয়া সমীচিন হবেনা মর্মে প্রত্যীয়মান হয়।	
১(চ)	প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টকটেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টকটেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটির অনুমোদনপূর্বক স্টক রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।	
১(ছ)	ফাইল রেজিস্ট্রার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্ট্রার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্ট্রার, সাবসিডিয়ারী রেজিস্ট্রারসহ ব্যবহৃত রেজিস্ট্রারসমূহ যথাযথভাবে ব্যবহার এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।	
১(বা)	মহিলা কোটা: ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ২০% মহিলা কোটা পূরণ করতে হবে।	
১(ট)	স্ট্যাফিং প্যাটান সংক্রান্ত: প্রতিষ্ঠানটিতে ২৪/১০/১৯৯৫ ও ০৪/০২/২০১০ তারিখের নীতিমালা মোতাবেক দাখিল মানবসা জুনিয়র শিক্ষক ও দাখিল ক্লারীর পদ নেই। প্রতিষ্ঠানটিতে জুনিয়র শিক্ষক জনাব মো: হামিদুর রহমান (ইনডেক্স-৮৭৩০১) ০৩/০৮/৭৮, জনাব মো: মোজাহিম আলী (ইনডেক্স-৮৭২৯৮) ০৩/০৮/৭৭ ও দাখিল ক্লারী জনাব মো: শফিকুর রহমান (ইনডেক্স-৮৭৩০২) ০১/০১/১৯৮০ তারিখ হতে কর্মরত আছেন। ২৪/১০/১৯৯৫ তারিখের নীতিমালা মোতাবেক তারা উদ্বৃত্ত হিসেবে সরকারি বেতন ভাত্তা পেতে থাকবেন। উদ্বৃত্ত শিক্ষকের পদ শূন্য হলে তদস্থলে কোন জুনিয়র শিক্ষক ও দাখিল ক্লারী নিয়োগ দেয়া যাবে না।	
২(ক)	প্রতিষ্ঠানটির জমির ভূমি উন্নয়ন কর হালনাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করতে হবে।	
২(খ)	শ্রেণি কক্ষগুলো সংস্কার ও পরিচ্ছন্ন, পানীয়-জল এবং স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
২(গ)	আর্থিক সার্বৰ্থ অনুযায়ী প্রতিষ্ঠানটিতে শিক্ষক-কর্মচারী ও শিক্ষার্থী অনুপাতে বিধি-বিধানের আলোকে প্রয়োজনীয় আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে এবং আসবাবপত্রের বন্টন রেজিস্ট্রার খুলে তার হিসাব সংরক্ষণ করতে হবে।	
৩(ক)	শ্রেণিকক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করতে হবে।	
৩(খ)	প্রতিষ্ঠানে বারে পড়া শিক্ষার্থীদের হার কমিয়ে আনার লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ৩০/১০/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করতে হবে।	
৩(গ)	একাডেমিক উন্নয়নের জন্য নিম্নের্ভূতি নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করতে হবে এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিসহ সকল সদস্যকে অনুরোধ করা হলো: ১. পাঠদানে শিক্ষা উপকরণ ব্যবহার করতে হবে; ২. শিক্ষার্থীদের বাড়ির কাজ দিয়ে তা যথাসময়ে আদায় করতে হবে; ৩. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে; ৪. শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে; ৫. প্রতিটি শ্রেণিতে মাসিক টিউটোরিয়াল পরীক্ষা চালু করতে হবে; ৬. Participatory Method চালু করতে হবে; ৭. বার্ষিক অভিভাবক সভা করে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া এবং উন্নত করার লক্ষ্যে ও শিক্ষকমন্ডলী কর্তৃক যৌথভাবে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে; ৮. ইংরেজি ভাষা ও তথ্য প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্ব আরোপ করতে হবে এবং ৯. ১০. শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান যথাযথভাবে পর্যবেক্ষণ করতে হবে।	

BSR-এর ক্র. নং	ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে TMED এর নির্দেশনা	মন্তব্য
৩(ঘ)১	অভ্যন্তরীণ পরীক্ষা: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	
৩(ঘ)২	পাবলিক পরীক্ষার ফলাফল: পাবলিক পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা রাখতে হবে।	
৩(ঘ)৩	জেডিসি পরীক্ষা: জেডিসি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	
৩(ঘ)৪	জুনিয়র বৃত্তি পরীক্ষা : জুনিয়র বৃত্তি পরীক্ষার ফলাফল সংখ্যাগত ও গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	
৩(ঙ)	<p>পাঠাগার সহ পাঠকার্যক্রম বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও পরীক্ষা সংক্রান্ত তথ্য:</p> <p>পাঠাগার: পাঠাগারের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:</p> <p>পাঠাগার, পুস্তক পাঠাভ্যাস সংক্রান্ত তথ্য ও মন্তব্য:</p> <ul style="list-style-type: none"> <li>ক. পাঠাগারের জন্য কাম্য সংখ্যক পুস্তক সংগ্রহ করা;</li> <li>খ. শিক্ষক-শিক্ষার্থীদের নামে নিয়মিত পুস্তক ইস্যু করা;</li> <li>গ. পাঠাগারে পুস্তক যথাযথভাবে সংরক্ষণ করা;</li> <li>ঘ. পাঠাগারে পাঠ সহায়ক ম্যাগাজিন/পত্রিকা রাখা;</li> <li>ঙ. পাঠাগারে ছাত্রীদের পাঠ সহায়ক পরিবেশ তৈরি করা।</li> </ul>	
৩(চ)	প্রতিষ্ঠানটিতে বিজ্ঞান বিভাগ চালু নেই। প্রয়োজনীয়তার নিরিখে বিজ্ঞান বিভাগ চালু করে বিজ্ঞানাগারে পর্যাপ্ত পরিমাণে বৈজ্ঞানিক যন্ত্রপাতি, রাসায়নিক দ্রব্যাদি ক্রয় করতে হবে।	
৩(ছ)	সহপাঠ কার্যক্রম: পরিষ্কার পরিচয়তা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কৃইজ, বিতর্ক, ক্রীড়া ম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করা সহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে।	
৪(ক)	<p>আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: আয়ব্যয়ের ক্ষেত্রে নিম্নের নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করার জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো এবং বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো:</p> <ol style="list-style-type: none"> <li>১. সকল আয়-ব্যয় ব্যাংকের মাধ্যমে সম্পর্ক করা;</li> <li>২. খরচের ভাড়ারে কমিটির অনুমোদন সাপেক্ষে গার্ড ফাইলে সংরক্ষণ করা;</li> <li>৩. প্রযোজ্য ক্ষেত্রে রাজস্ব স্ট্যাম্প ব্যবহার করা;</li> <li>৪. প্রতিটি লেনদেন কলামনার ক্যাশবিহিতে যথানিয়মে রক্ষণাবেক্ষণ করা;</li> <li>৫. খরচের ভাড়ারে আয়ন-ব্যয়ন কর্মকর্তার অনুস্বাক্ষর করা;</li> <li>৬. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ নির্দেশিকা মোতাবেক আয়-ব্যয় নির্বাহ করা;</li> <li>৭. প্রযোজ্য ক্ষেত্রে আয়-কর ও ভ্যাট প্রদান করতে হবে;</li> <li>৮. ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় কাজ সম্পর্ক করা;</li> <li>৯. প্রযোজ্য ক্ষেত্রে স্পট কোটেশন ও টেন্ডার আহবান করা এবং</li> <li>১০. প্রতি তিন মাস অত্যর অন্তর তিন সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটি কর্তৃক অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পর্ক করে প্রতিবেদন অনুমোদনপূর্বক সংরক্ষণ করতে এবং পর্যায়ক্রমে সকল শিক্ষককে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে।</li> </ol>	
৪(খ)১	সংরক্ষিত তহবিল সংক্রান্ত: সংরক্ষিত তহবিলে কাম্য পরিমান টাকা জমা আছে। ভবিষ্যতেও কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে।	
৪(খ)২	সাধারণ তহবিল: সাধারণ তহবিলে কাম্য পরিমান টাকা জমা আছে। ভবিষ্যতেও কাম্য পরিমান টাকা জমা রাখতে হবে।	
৪(খ)৩	ভবিষ্যত তহবিল: শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যত তহবিল চালু নেই। অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যত তহবিল চালু করে এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/১১/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করতে হবে।	
৫(ক)	মামলা: প্রতিষ্ঠানটি ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের পূর্ব মুহর্তে প্রার্থীগণের পক্ষে ছাত্র অভিভাবক জনাব মো: ফজলুল হক কর্তৃক বিজ্ঞ জজ আদালত, নীলফামারীতে মামলা দায়ের হয়। মামলা করার পর নির্বাচনের উপর নিষেধাজ্ঞা জারি করা হয়। মামলা এখন বিচারাধীন আছে। এ বিষয়ে মামলার রায় চূড়ান্ত হওয়ার পর রায়ের আলোকে পরিবর্তী সিদ্ধান্ত নেয়া হবে।	
৫(খ)	বিগত পরিদর্শন: শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যত তহবিল চালু করে এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক আগামী ২০/১১/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণ করতে হবে।	

০২। এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসরণ ও বাস্তবায়ন সহ প্রতিটান পরিচালনা সংক্রান্ত বিদ্যমান যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

৫৭;

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারীসচিব (অডিট)

সুপার.

রামডাঃগা দাবুলহদা ইসলামীয়া দাখিল মাদ্রাসা

উপজেলা: ডিমলা, জেলা: নীলফামারী।

নং-৫৭.০০.০০০০.১৪২.১৬.৭০.১৯-১৯৩

তারিখ: ০৭ কার্তিক, ১৪২৬  
২৩ অক্টোবর, ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্যতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইসকাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা। (পরিদর্শন প্রতিবেদনগুলো পর্যালোচনায় এটা স্পষ্ট হয়েছে যে, প্রতিবেদনগুলো Prototype অর্থাৎ গদবাধা পরিদর্শন হচ্ছে। মানসম্পর্ক পরিদর্শন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।)
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সচিব, মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
৬। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।  
৭। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।  
৮। উপজেলা শিক্ষা অফিসার, ডিমলা, নীলফামারী।  
৯। সভাপতি/ব্যবস্থাপনা কমিটি, রামডাঃগা দাবুলহদা ইসলামীয়া দাখিল মাদ্রাসা, উপজেলা: ডিমলা, জেলা: নীলফামারী।  
(উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নে সুপারকে সার্বিক সহযোগীতা প্রদানের জন্য ব্যবস্থাপনা কমিটির সভাপতিকে এবং অন্যান্য সদস্যগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ১০। যুগ্মসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। উপসচিব, (অডিট ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ১২-১৩। অফিস কপি/মাস্টার কপি।

২৩.১০.১৯  
(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন: ৯৫৭৫২৭২